# জনগণের মুখোমুখি কুমিল্লা সিটি করপোরেশনের নারী কাউন্সিলর প্রার্থীরা

***কুমিল্লা সিটি করপোরেশন নির্বাচন ঃ চাই সৎ ও যোগ্য ব্যক্তির নেতৃত্ব*** - এ প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)'র অনুপ্রেরণায় গঠিত সচেতন নাগরিক কমিটি (সনাক), কুমিল্লা এবং সুশাসনের জন্য নাগরিক (সুজন) এর যৌথ উদ্যোগে ৩০ ডিসেম্বর ২০১১ কুমিল্লা টাউন হল মিলনায়তনে সুজনের কেন্দ্রীয় সমন্বয়কারী দিলীপ কুমার সরকারের উপস্থাপনায় কুমিল্লা সিটি করপোরেশন নির্বাচনে সংরক্ষিত আসনের সকল নারী কাউন্সিলর পদপ্রার্থী ও জনগণের মধ্যকার অনুষ্ঠানের আয়োজন করা হয়। সনাক, কুমিল্লার আহ্বায়ক আলহাজ্ব শাহ মোঃ আলমগীর খান-এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সুজন, কুমিল্লার সভাপতি অধ্যক্ষ মমিনুল হক চৌধুরী, সুজন মহানগর সভাপতি অধ্যক্ষ সফিকুর রহমান, সনাক সদস্য ইয়াসমিন রীমা, ইঞ্জিঃ আবুল বাশার, সাংবাদিক মোতাহার হোসেন মাহবুব। অনুষ্ঠানে সংরক্ষিত আসনের নারী কাউন্সিলর পদপ্রার্থীদের অঙ্গীকারনামা পাঠ করেন সুজন মহানগর শাখার সহ-সাধারণ সম্পাদক রাশেদা হক এবং শপথ পাঠ করান সুজন সহ-সভাপতি হারুনুর রশীদ এবং ধন্যবাদ জ্ঞাপন করেন সুজন মহানগর শাখার সাধারণ সম্পাদক এডভোকেট প্রহলাদ দেবনাথ।




অনুষ্ঠানে নারী কাউন্সিলর পদপ্রার্থীদের মধ্যে উপস্থিত ছিলেন ফেরদৌসী বেগম, নাজমা আক্তার, আজমেরী আহম্মেদ, সামছুন নাহার পুতুল, হাছিনা নবাব চম্পা, হোসনেয়ারা বেগম, শাহিন আক্তার, নিশাত আহমেদ খান, অনিতা সরকার, জোস্না আক্তার, সীমা আক্তার, নেহার বেগম, মোসাম্মৎ সাজেদা আক্তার লাভলী, খোদেজা বেগম, নামছুন নাহার। সংরক্ষিত আসনের সকল নারী কাউন্সিলর পদপ্রার্থী তাদের বক্তব্যের মাধ্যমে নিজ নিজ অঙ্গীকারের কথা তুলে ধরেন। সকলেই অধিকার বঞ্চিতদের পাশে দাঁড়ানো, অগ্রাধিকারের ভিত্তিতে নারীদের জন্য প্রকল্প গ্রহণ, রাস্তাঘাট উন্নয়ন এবং কুমিল্লা সিটি করপোরেশনকে একটি আদর্শ করপোরেশন হিসাবে গড়ে তোলার অঙ্গীকার ব্যক্ত করেন। জনগণের মুখোমুখি অনুষ্ঠানে সংরক্ষিত আসনের সকল নারী কাউন্সিলর পদপ্রার্থীরা জয়ী হলে কি করবেন সে সম্পর্কে বক্তব্য রাখেন। উপস্থিত সংরক্ষিত আসনের সকল নারী কাউন্সিলর পদপ্রার্থীরা অঙ্গীকারনামায় স্বাক্ষর করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সনাকের যুগ্ম আহবায়ক আলী আকবর মাসুম, সনাক সদস্য দিলনাশি মোহসেন। এছাড়া সনাকের সহযোগী ইয়েস সদস্যরা অনুষ্ঠানটি সুন্দরভাবে সম্পন্নের ক্ষেত্রে সহযোগিতা করেন। এছাড়াও সাংবাদিকসহ সমাজের বিভিন্ন পেশার প্রতিনিধিবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।